গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং: ৩৭.০০.০০০০.০৮০.২৫.০১৫.১৮ (অংশ)-৮৫

তারিখ: ১৫ই বৈশাখ ১৪৩৩ / ২৮শে এপ্রিল ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয়: জাপান সরকারের Ministry of Education, Culture, Sports, Science and Technology (MEXT) Scholarship 2027-এর জন্য আবেদন আহ্বান।**

Ministry of Education, Culture, Sports, Science and Technology (MEXT) Scholarship 2027-এর আওতায় Research (Master's & Ph.D), Undergraduate, College of Technology (KOSEN) এবং Specialized Training College প্রোগ্রামে অধ্যয়নের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, Research (Master's & Ph.D) পর্যায়ে ৪০ জন, Undergraduate পর্যায়ে ২৫ জন, College of Technology পর্যায়ে ১৫ জন এবং Specialized Training Group পর্যায়ে ০৫ জন-কে প্রাথমিকভাবে বাছাই করা হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনসমূহ পরবর্তীতে ঢাকাস্থ জাপান দূতাবাস কর্তৃক প্রক্রিয়াকরণ করা হবে।

**২.০ আবেদনের যোগ্যতা ও উল্লেখযোগ্য শর্তাবলি:**

২.১ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে;

২.২ বয়স:

২.২.১ Research (Master's & Ph.D) পর্যায়ে আবেদনকারীর জন্মতারিখ অবশ্যই ২ এপ্রিল ১৯৯২ বা তৎপরবর্তী হতে হবে;

২.২.২ Undergraduate, College of Technology এবং Specialized Training College পর্যায়ে আবেদনকারীর জন্মতারিখ অবশ্যই ২ এপ্রিল ২০০২ বা তৎপরবর্তী হতে হবে;

২.৩ শিক্ষাগত যোগ্যতা:

২.৩.১ ক. Master's এবং Doctoral (First phase) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

খ. Dotoral Course (Second phase) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা স্নাতক পরীক্ষায় উত্তীর্ণসহ দুই বছর বা তদূর্ধ্ব সময় বিশ্ববিদ্যালয় বা কোনো গবেষণার সাথে সম্পৃক্ত থাকতে হবে;

গ. Doctoral Course (faculties of medicine, dentistry, veterinary sciences, and certain areas in pharmaceutical) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা স্নাতক পরীক্ষায় উত্তীর্ণসহ দুই বছর বা তদূর্ধ্ব সময় বিশ্ববিদ্যালয় বা কোনো গবেষণা সংস্থায় গবেষণার সাথে সম্পৃক্ত থাকতে হবে।

২.৩.২ Undergraduate এবং Specialized Training Group পর্যায়ে আবেদনকারীকে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (যে সকল আবেদনকারী মার্চ ২০২৬-এর মধ্যে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হবে তারাও আবেদন করতে পারবে। এরূপ আবেদনকারীকে একাদশ শ্রেণির রেজাল্ট দাখিল করতে হবে)।

২.৩.৩ College of Technology পর্যায়ে আবেদনকারীকে একাদশ শ্রেণিতে উত্তীর্ণ হতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২.৪ **উপর্যুক্ত শর্তাবলি ছাড়াও বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত জাপান দূতাবাস কর্তৃক প্রেরিত MEXT Scholarship 2027 for Application Guideline-এ উল্লিখিত আবেদনকারীর যোগ্যতা ও অযোগ্যতা সংক্রান্ত সকল শর্ত/নির্দেশনা পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। কোনো শর্ত লঙ্ঘিত হলে আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।**

৩.০ **আবেদন দাখিলের নিয়মাবলি:**

৩.১ আবেদনকারীকে শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নোক্ত অনলাইন লিংকে আবেদন করতে হবে;
অনলাইন লিংক : **http://202.4.112.150:3030**
আবেদন করার জন্য একটি প্রাথমিক তথ্যছক পূরণ করতে হবে, যা **অনলাইন লিংকে** দেওয়া আছে।

৩.২ শিক্ষা মন্ত্রণালয়ের Online লিংকটি ২৮-০৪-২০২৬ থেকে ১২-০৫-২০২৬ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত Active থাকবে;

৩.৩ আবেদনকারীকে উক্ত অনলাইন লিংকে তথ্য দাখিল করার পর সংশ্লিষ্ট একাডেমিক সার্টিফিকেট, মার্কশিট, পাসপোর্ট বা জাতীয় পরিচয়পত্র এবং অন্যান্য সকল ডকুমেন্ট এর সত্যায়িত কপিসহ আবেদনপত্রের Hard Copy সচিবালয়ের ২নং গেইট সংলগ্ন অভ্যর্থনা কক্ষে নির্ধারিত বক্সে সকাল ০৯টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত জমা প্রদান করতে হবে। খামের উপর আবশ্যিকভাবে প্রেরক, প্রাপক (**উপসচিব, বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা, কক্ষ নং: ১৭০৬, ভবন নং ০৬, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা**), ID/Tracking Number এবং Program-এর নাম উল্লেখ করতে হবে। হার্ডকপি মন্ত্রণালয়ে জমাদানের **শেষ তারিখ ১২-০৫-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৪:০০ টা।** উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোথাও আবেদন জমা দেয়া হলে তা বিবেচনা করা হবে না;

৪.০

৪.১ প্রাথমিক পর্যায়ে আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিকভাবে প্রার্থী মনোনয়ন করা হবে;

৪.২ প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

২৮.০৪.২০২৬
(এ.এস.এম. কাসেম)
উপসচিব
ফোন : +৮৮ ০২২২৩৩৯০৬৭২
ই-মেইল: ds_stp@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.২৫.০১৫.১৮ (অংশ)-৮৪

তারিখ: ১৫ই বৈশাখ ১৪৩৩
২৮শে এপ্রিল ২০২৬

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ);
২. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ);
৩. মহাপরিচালক, মাধ্যামিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ);
৪. সিস্টেম এনালিস্ট, আই.সি.টি.সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিসহ উক্ত বৃত্তি সংক্রান্ত সকল কাগজপত্রাদি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. অফিস কপি।